



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



মুজিব বর্ষে বিআরডিবি'র অশীকার  
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.৪০৪.২১. ১১৬

তারিখ- ২২/১২/২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের হাই স্কুল নির্বাচন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পটি জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬ খ্রিঃ মেয়াদে বাস্তবায়িত হবে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পভুক্ত ৫৯ টি উপজেলায় ০২টি করে মোট ১১৮ টি হাইস্কুলে কিশোরী শিক্ষার্থীদের সংগঠিত করে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান, সঞ্চয় জমা ও দ্বিগুন হারে সঞ্চয় প্রণোদনা প্রদানসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন হবে। সে আলোকে হাই স্কুল নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

- ক. ব্যতিক্রমী ক্ষেত্র ব্যতিত সকল ক্ষেত্রে একটি ইউনিয়নে শুধুমাত্র একটি হাই স্কুল নির্বাচন করতে হবে;
- খ. একজন মাঠ সংগঠককে শুধুমাত্র একটি হাই স্কুলের দায়িত্ব প্রদান করতে হবে;
- গ. যে সকল ইউনিয়নে ইতোপূর্বে গঠিত সমিতির কার্যক্রম বিদ্যমান রয়েছে হাই স্কুল নির্বাচনের ক্ষেত্রে সে ইউনিয়ন-কে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ঘ. যে সকল এলাকায় দারিদ্রের হার ও বাল্য বিবাহের প্রবনতা বেশি, অনগ্রসর এবং সামাজিক ও অর্থনৈতিকভাবে পিছিয়ে আছে ঐ সকল এলাকার মধ্য হতে হাই স্কুল নির্বাচন করতে হবে। তবে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে উপজেলা কেন্দ্রের ২.৫ কিলোমিটারের মধ্যে থাকা সকল হাইস্কুল বাদ দিতে হবে অর্থাৎ উপজেলা কেন্দ্রের ন্যূনতম ২.৫ কিলোমিটার দূরবর্তী শিক্ষা প্রতিষ্ঠান (হাই স্কুল) নির্বাচন করতে হবে। এছাড়া ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্রীদের মোট সংখ্যা ১০০ জনের অধিক হতে হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
বিআরডিবি  
উপজেলা: ....., জেলা: .....

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.২১. ১১৬

তারিখ- ২২/১২/২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: .....
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: ....., জেলা: .....
৬. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।

  
মোহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক